W.B. FORM NO. 27

# FIRST INFORMATION REPORT 09518

First information of a cognizable crime reported under section 154 Cr. P.C., at P.S.

1. Dist. BANKURA Sub-Divn BISHNUPUR P.S. INDAS Year 2023 FIR No 110/23 Date 19/06/23
2. (i) Act IPC Sections 341/323/324/427/379/506 (ii) Act Sections
   (iii) Act Sections Other Acts & Sections
3. (a) General Diary Reference : Entry No. 836 DTD-19-06-23 Time 11.05 HRS
   (b) Occurrence of Offence : Day SUNDAY Date 21-05-23 Time 15.00 HRS
   (c) Information Received Date ON 19-06-23 Time 11.05 HRS
   G.D. No. 836 At the Police Station:
4. Type of information : Written / ~~Oral~~ TYPED. COURT COMPLAINT U/S-156(3) CR.PC.
5. Place of Occurrence : (a) Direction and Distances from P.S. APPROX 12 K.M SOUTH WEST FROM PS
   (b) Address VILL-TENTULMURI, P.O-KORISUNDA, P.S-INDAS, DIST-BANKURA JLNO-43, ANCHAL NO-V, GP-KORISUNDA
   (c) In case outside Limit of this Police Station, then the name of P.S. ×
   District
6. Complaint/~~Informant~~ :
   (a) Name BISWANATH METE
   (b) Father's / ~~Husband's~~ Name LT SURARILAL METE
   (c) Date / Year of Birth 60 YRS
   (d) Nationality INDIAN
   (e) Address VILL-TENTULMURI, P.O-KORISUNDA, P.S-INDAS, DIST-BANKURA.
7. Details of know / Suspected / Unknown / Accused with Full particulars. UTTAM METE, S/O-KAMAL METE OF VILL-TENTULMURI, P.O-KORISUNDA, P.S-INDAS, DIST-BANKURA.
   (Attach separate sheet, if necessary)
8. Reasons for delay in reporting by complaint / informant
9. Particulars of properties stolen / ~~Involved~~ : (attach separate sheet, if required) : CASH RS-2000/- (RUPEES TWO-THOUSAND)
10. Total value of Properties stolen / ~~Involved~~ : CASH RS-2000/- (TWO THOUSAND).
11. Inquest report / U.D. : Case No., if any : ×
12. FIR Contents : (Attach separate sheet, if required) THE ORIGINAL TYPED COMPLAINT OF THE COMPLAINANT DULY FORWARDED BY LD. ACJM COURT, BISHNUPUR U/S-156(3) CRPC WHICH IS TREATED AS FIR IS ATTACHED HERE WITH.
13. Action taken : Since the above report reveals commission of offence (s) u/s 341/323/324/427/379/506 I.P.C

I, SI SOMNATH PAL, O/C INDAS PS

registered the case and ~~took up the investigation~~ / directed ASI SATYAKI BHUSAN PANI OF INDAS PS to take up the investigation

transferred to P.S. ........ on point of jurisdiction. FIR read over to the complaint / informant admitted to be correctly recorded and a copy given to the complaint / Informant free of cost.

Signature / ~~Thumb Impression~~ of the Complainant / ~~Informant~~ IS AVAILABLE ON THE ORIGINAL COURT COMPLAINT

Signature of the officer-in-charge, Police Station with 19/06/23

Name : SOMNATH PAL

Rank : SI OF POLICE

Number if any : O/C INDAS PS

Officer-in-Charge
INDAS P. S.
BANKURA

10 কোর্ট ফি COURT FEE Rs.10 ভারত INDIA 29 MAY 2023 দস রুপয়ে TEN RUPEES BISHNUPUR

In the Court of Ld. A.C.J.M. at Bishnupur, Dist.- Bankura

Case no......69.........../2023

**বাদীর নাম ও ঠিকানা** :- বিশ্বনাথ মেটে পিতা- ঁসুরারীলাল মেটে, বয়স ৬০ বৎসর, সাকিম- তেঁতুলমুড়ি, পোস্ট- করিসুন্ডা, থানা- ইন্দাস, জেলা- বাঁকুড়া ।

**আসামী/দু:স্কৃতিকারীর নাম ও ঠিকানা** :- উত্তম মেটে পিতা- কমল মেটে সাকিম- তেঁতুলমুড়ি, পোস্ট- করিসুন্ডা, থানা- ইন্দাস, জেলা- বাঁকুড়া ।

**সাক্ষীগনের নাম ও ঠিকানা** :- (১) বাদী স্বয়ং (২) হারু মোহন মেটে পিতা- বিশ্বনাথ মেটে (৩) কৃষ্ণা মেটে স্বামী- হারু মোহন মেটে (৪) শোভা রানি মেটে স্বামী- বিশ্বনাথ মেটে (৫) অশোক মেটে পিতা- ঁসুরারীলাল মেটে সর্ব্ব সাকিম- তেঁতুলমুড়ি, পোস্ট- করিসুন্ডা, থানা- ইন্দাস, জেলা- বাঁকুড়া । প্রয়োজনে আরো সাক্ষ্য দেবো ।

**ঘটনার তারিখ ও সময়** :- ইংরাজীর ২১/০৫/২০২৩ তারিখে দুপুর প্রায় ১ টা ৩০ মিনিট নাগাদ, স্থান বাদীর নিজ পুরাতন বাড়িতে ।

**মহাত্মান,**

ঘটনার বিবরন এই যে, বাঁকুড়া জেলার ইন্দাস থানার অন্তর্গত তেঁতুলমুড়ি গ্রামে বাদী পৈত্রিক সূত্রে প্রাপ্ত সম্পত্তি পাইয়া তাহার মালিক হইতেছেন । ঐ সম্পত্তির উপর বাদীর তিন ভাই পাশাপাশি তিনটি বাড়ি নির্মান করিয়া আলাদা আলাদা বসবাস করিতেছিলেন । প্রায় তিন বৎসর পূর্বে বাদী তাহার ঐ মাটির বাড়ি ছাড়িয়া বাদীর গ্রামেই অন্যত্র আলাদাভাবে একটি নতুন বাড়ি নির্মান করিয়া স্ব-পরিবারে বতমানে বসবাস করিতেছেন । কারন প্রতিদিনের ন্যায় বাদীর বড় ভাইয়ের ছেলে উত্তম মেটে পিতা- কমল মেটে মদ্যপ অবস্থায় গালিগালাজ ও অশান্তি করিত । বাদীর উক্ত মাটির বাড়ি বহু দিনের পুরানো ও জীর্ন হওয়ার ফলে বাদীর গতকাল ইংরাজীর ২১/০৫/২০২৩ তারিখে দুপুর প্রায় ১ টা ৩০ মিনিট নাগাদ বাদীর নতুন বাড়িতে চালা করার জন্য বাদী ও বাদীর ছেলে হারু মোহন মেটে পুরাতন বাড়ির চালার কিছু অ্যাডবেস্টর খুলতে গিয়াছিলেন । কিছু অ্যাডবেস্টর খুলার পর নতুন বাড়িতে বাদী ও বাদীর ছেলে রেখে আসেন । ঐ দিনই নতুন বাড়িতে দুপুর ৩ টার সময় পুন:রায় পুরাতন বাড়িতে বাকী কিছু অ্যাডবেস্টর রাখা ছিল সেই অ্যাডবেস্টর বাদী ও তাহার ছেলে আনতে গেলে হঠাৎ বাদীর বড় ভাই এর ছেলে উত্তম মেটে পিতা- কমল মেটে মদ্যপ অবস্থায় বাদীকে ও বাদীর ছেলেকে কু:কথায় গালিগালাজ করতে থাকে যা লিখিতভাবে ব্যাক্ত করা বাদীর পক্ষে সম্ভব হইতেছে না । বাদীর ছেলে গালিগালাজ বিরুদ্ধে প্রতিবাদ করলে হঠাৎ উত্তম মেটে চুলের মুঠি ধরে কিল, চড়, ঘুষি বাদিকে মারতে থাকে এবং বলে যে তুই শালা যত নাষ্টের গোড়া, তুই বাড়ি করেছিস এবং এইখান থেকে কোন জিনিস নিয়ে গেলে তোকে প্রানে মেরে এখানেই পুঁতে দেব । বাদিকে মারার ফলে বাদিকে মারধোরের আঘাতে চিৎকার করলে বাদিকে ছেলে হারু মোহন মেটে বাদিকে মারের হাত থেকে রক্ষা করতে গেলে পুন:রায় উক্ত আসামী বাঁশ দিয়ে বাদিকে প্রানে মারার জন্য আঘাত করতে গেলে ঐ বাঁশের আঘাত বাদির ছেলের মাথায় লাগে ফলে মাথা ফেটে যায় এবং প্রচুর রক্তক্ষরন হতে থাকে । রক্তক্ষরনের ফলে বাদিকে ছেলের জামা রক্তে ভিজে যায় এবং উক্ত আসামী বলতে থাকে যে যদি থানায় বা আদালতে

পরপৃষ্ঠা.....০২

Received on 19-06-23 at 11.05 hrs and started Indas PS Case No - 110/23 dtd - 19/06/23 U/S - 341/323/324/ 427/379/506 IPC

Officer-In-Charge
INDAS P.S.
BANKURA

2 9 MAY 2023
BISHNUPUR

(২)

কোন অভিযোগ দায়ের করিস তাহলে তোকে ও তোর ছেলেকে প্রানে মেরে দেব । এমনকি উক্ত আসামী বাঁশ দিয়ে বাদিকে ঘরের অ্যাডবেস্টরগুলি ভেঙে চুরমার করে দেয় ইহাতে প্রায় আমার ১০০০০/- (দশ হাজার টাকা) টাকার মত ক্ষয়ক্ষতি হয় । বাদির ছেলে মাটিতে রক্ত মাখা অবস্থায় পড়ে থাকার সময় বাদির ছেলের পকেট হইতে প্রায় ২০০০/- (দুই হাজার টাকা) টাকার মত উক্ত আসামী জোড়পূর্বক ছিনিয়ে নেয় এবং বলে এই টাকা দিয়ে আমি মদ খেয়ে ফূর্তি করব । কিছুক্ষন বাদে বাদি তাহার ছেলের শরীরের অবস্থা খারাপ থাকার জন্য ঐ দিনই ইন্দাস গ্রামীন হাসপাতালে নিয়ে গিয়ে ছেলের চিকিৎসা করায় এবং বাদীর ছেলের শারীরিক অবস্থার অবনতি হওয়ার জন্য বাদীর ছেলেকে হাসপাতালে ভর্তি করে নেয় এবং মাথায় তিনটি সেলাই হয় । বাদীর ছেলে মৃত্যুর সহিত পাঞ্জা লড়ছে ।

বাদী উক্ত ঘটনার ঐদিনই ইন্দাস থানায় লিখিতভাবে অভিযোগ দায়ের করিতে গেলে পুলিশ অভিযোগ না নেওয়ার কারনে ডাকযোগে অভিযোগপত্রটি বাদী ইংরাজীর ২৩/০৫/২০২৩ তারিখে S.P Bankura মহাশয়কে লিখিতভাবে রেজিস্ট্রী পোস্টের মাধ্যমে অভিযোগ দায়ের করেন । কিন্তু পুলিশ আজও পর্যন্ত কোনরুপ FIR Start করে নাই । উক্ত অভিযোগপত্রটির জেরক্স কপি, রেজিস্ট্রী পোস্টের অরিজিনাল পোস্টাল রিসিপ্ট ও পোস্টাল ট্রাক কনসাইন্টমেন্ট এর অনলাইন কপি এবং বাদীর ছেলের ডাক্তারি চিকিৎসার কাগজপত্রের জেরক্স কপি ফিরিস্তি করিয়া হুজুর আদালতে দাখিল করা হইল । বাদী খুবই গরীব ও দু:স্থ বিধায় নিজ খরচে মোকদ্দমা চালানো সম্ভব নয় বলিয়া -

## প্রার্থনা:

দয়া করিয়া ফৌজদারী কার্য্য বিধি আইনের ১৫৬ (৩) ধারা মতে তদন্ত সাপেক্ষে অত্র অভিযোগ Treat করিয়া O/C INDAS মহাশয়কে আদেশ দিয়া দোষী আসামীকে Arrest পূর্বক হুজুর আদালতে প্রেরন করিবার আদেশদানে মর্জ্জি হয় ।

ইতি বিশ্বনাথ মেটে

তারিখ- ২৯/০৫/২০২৩